



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৫ আগস্ট ২০২২।

যথাযোগ্য ভাব গান্ধিরের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস। দিবসটি উপলক্ষে সকাল ৯ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় পরিবারের অংশছাত্রণে শোক র্যালি অনুষ্ঠিত হয়। র্যালি শেষে সকাল ৯.৩০ টায় ৬ দফা স্মৃতিস্তম্ভে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তক অপর্ণের মাধ্যমে বিন্দু শ্রদ্ধা নিবেদন করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন, ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভুঁইয়াসহ বিশ্ববিদ্যালয় প্রশাসন। এরপর পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, হেড ১১-১৬, হেড ১৭-২০ কল্যান পরিষদ, বঙ্গবন্ধু হল, শেখ হাসিনা হল, শেরে বাংলা হল, বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লেহা মুজিব হল, ২৪টি বিভাগসহ বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠন পুস্পস্তক অপর্ণে অংশ নেয়। শ্রদ্ধা নিবেদন শেষে সকাল ১১ টায় কীর্তনখোলা অডিটোরিয়ামে বিশ্ববিদ্যালয় প্রশাসনের আয়োজনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন বরিশাল সিটি কর্পোরেশনের মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভুঁইয়া। এসময় প্রধান অতিথির বক্তব্যে সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ বলেন, বঙ্গবন্ধু মানে বাংলাদেশ। যারা ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে হত্যা করেছে তারা মূলত বঙ্গবন্ধুকে নয় বরং বাংলাদেশকে হত্যা করতে চেয়েছে। বঙ্গবন্ধু শুধু একজন ব্যক্তি নয়, বঙ্গবন্ধু একটি চেতনার নাম। সেদিন তারা বঙ্গবন্ধুকে হত্যা করলেও তাঁর চেতনাকে মুছে ফেলতে পারেনি। যতদিন বাংলাদেশ থাকবে, বঙ্গবন্ধু বেঁচে থাকবেন প্রতিটি বাঙালীর হন্দয়ে। এসময় তিনি আরও বলেন, আজকের তরুণ প্রজন্মই হচ্ছে বঙ্গবন্ধুর চেতনার ধারক ও বাহক। এই চেতনাকে ধারণ করে তারাই একদিন গড়ে তুলবে বঙ্গবন্ধুর স্মৃতির সোনার বাংলা। রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সঞ্চালনায় সভায় আরও বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি ড. মোঃ আব্দুল কাইউম, বঙ্গবন্ধু হলের প্রাধ্যক্ষ মোঃ আরিফ হোসেন এবং অফিসার্স এসোসিয়েশনের সভাপতি প্রাকৌশলী মুরশীদ আবেদীন। সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। সভা শেষে শিক্ষার্থীদের অংশছাত্রণে ইতোপূর্বে অনুষ্ঠিত “আন্তর্জাতিক পরিম্পত্তি বঙ্গবন্ধু” শীর্ষক কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এছাড়াও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের উদ্যোগে এদিন পবিত্র কুরআন খতম, মসজিদ-মন্দিরে দোয়া ও বিশেষ প্রার্থনা এবং বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হয়। এদিকে জাতীয় শোক দিবস উপলক্ষে অফিসার্স এসোসিয়েশনের উদ্যোগে দুষ্টদের মাঝে বন্ধ বিতরণ, হেড ১৭-২০ কল্যান পরিষদ কর্তৃক বৃক্ষরোপনসহ বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হলের উদ্যোগে সন্ধ্যা ৭.৩০ টায় আলোচনা সভা এবং দোয়া অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

১২২৪-ঢ খন্দক্ষু ঢ

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস